



স্মারক নং-জবি/ডিনবিঅ/

২১ নভেম্বর ২০১৬

ভর্তি বিজ্ঞপ্তি (A-ইউনিট)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'A'-ইউনিটের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নিম্নোক্ত তারিখ অনুযায়ী ভর্তি কার্যক্রম শুরু এবং সমাপ্ত করা হবে।

আসন শূন্য থাকা সাপেক্ষে মেধা তালিকা প্রকাশের তারিখ	সংশ্লিষ্ট বিভাগে ভর্তি কার্যক্রম সম্পন্নতার তারিখ
১ম মেধা তালিকা ২২/১১/২০১৬	২৭, ২৮, ২৯ নভেম্বর ২০১৬
২য় মেধা তালিকা ০১/১২/২০১৬	৪, ৫, ৬ ডিসেম্বর ২০১৬
৩য় মেধা তালিকা ০৭/১২/২০১৬	৮, ১১ ডিসেম্বর ২০১৬
৪র্থ মেধা তালিকা ১২/১২/২০১৬	১৩, ১৪, ১৫ ডিসেম্বর ২০১৬
৫ম মেধা তালিকা ১৭/১২/২০১৬	২৬, ২৭, ২৮ ডিসেম্বর ২০১৬

** ৫ম মেধা তালিকার ভর্তি প্রক্রিয়া শেষে আসন শূন্য থাকা সাপেক্ষে ৬ষ্ঠ মেধা তালিকা প্রণয়নের লক্ষ্যে মেধাক্রম অনুসারে শিক্ষার্থীদের সাক্ষাৎকার ০১/০১/২০১৭ তারিখ রবিবার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময়, স্থান ও মেধাক্রমানুসারে ছাত্র-ছাত্রীদের তালিকা ২৯/১২/২০১৬ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত হতে না পারলে সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

** বিভিন্ন কোটায় (মুক্তিযোদ্ধার সন্তান কোটা/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা, পোষ্য/ওয়ার্ড কোটা, উপজাতি কোটা, শারীরিক প্রতিবন্ধি কোটা এবং খেলোয়াড় কোটায় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সাক্ষাৎকার ০৫/১২/২০১৬ তারিখ সোমবার সকাল ১০ টা - দুপুর ২ টার মধ্যে বিজ্ঞান অনুষদে অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত হতে না পারলে সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

** আসন খালি ও যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর প্রবেশপত্রে উল্লেখিত বিষয় পছন্দক্রম ও মেধাক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন/বিষয় পরিবর্তন হবে।

ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জন্য জ্ঞাতব্যঃ

১। ভর্তির জন্য মনোনীত প্রার্থীকে নির্দিষ্ট তারিখের মধ্যে নির্ধারিত বিষয়ে অবশ্যই ভর্তি হতে হবে। উক্ত তারিখের মধ্যে ভর্তি না হলে পরবর্তীতে কোন ভাবেই তাকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

২। ভর্তির সময় নিম্নোক্ত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

i) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

ii) মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্র, সনদপত্র, নম্বরপত্র

iii) উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্র, সনদপত্র/প্রশংসাপত্র, রেজিস্ট্রেশন কার্ড

iv) প্রার্থীর সদয় তোলা ছবি ৪টি (২টি পাসপোর্ট সাইজ, ২টি স্ট্যাম্প সাইজ)

৩। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস আগামী ১৫/০১/২০১৭ তারিখ থেকে শুরু হবে।

 21/11/16

অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার

ডিন, বিজ্ঞান অনুষদ ও

সভাপতি A-ইউনিট ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

কার্যার্থে অনুলিপিঃ

১। রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

২। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট-এ দেয়ার জন্য), জবি

৩। ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি

৪। পরিচালক, জনসংযোগ ও তথ্য প্রকাশনা দপ্তর (বিভিন্ন গণমাধ্যমে প্রচারের জন্য), জবি

৫। অফিস নথি।